গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
**সমন্বয়-১ শাখা**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ২৯.০০.০০০০.২২৩.০২.০১.২০২৩-৪৭১ তারিখ: ০৪/০৯/২০২৩ খ্রি.।

প্রাপক : চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

বিষয় : বিশেষ প্রকল্প কর্মসূচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বান্দরবান পার্বত্য জেলায় জন্মাষ্টমী উৎসব এর ভজন-কীর্ত্তণ অনুষ্ঠানের জন্য আর্থিক অনুদান,বন্যায় ক্ষতিগ্রস্থ যিহোবা যিরি শিশু সদনের জন্য খাদ্যশস্য ও আর্থিক সাহায্য প্রদানের নিমিত্ত নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ খাদ্যশস্য প্রদানের নিমিত্ত চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের অনুকূলে ০৭ মে.টন চাল নিম্নে বর্ণিত শর্তে মঞ্জুরি আদেশ প্রদান করা হলো।

| ক্র.নং | আবেদনকারী /প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | বরাদ্দের ধরণ | চাউল মে.টন |
|---|---|---|---|
| ১। | আথুইমং মার্মা, রোয়াংছড়ি কেন্দীয় জেতবন বৌদ্ধ বিহার পরিচালনা কমিটি, রোয়াংছড়ি পাড়া, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান । | খাদ্যশস্য ও আর্থিক অনুদান | ০৩ মে.টন |
| ২। | আনন্দ দাশ, সাধারণ সম্পাদক, শ্রী শ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদ-১৪৩০, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান। | জন্মাষ্টমী উৎসব এর ভজন-কীর্ত্তণ অনুষ্ঠানের জন্য আর্থিক অনুদান। | ০২ মে.টন |
| ৩। | শিমন ত্রিপুরা,সভাপতি, যিহোরা যিরি শিশু সদন, থানচি, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ,বান্দরবান। | বন্যায় ক্ষতিগ্রস্থ যিহোবা যিরি শিশু সদনের জন্য খাদ্যশস্য ও আর্থিক সাহায্য। | ০২ মে.টন |

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ১৭/০৭/২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-২৯ নম্বর স্মারকমূলে ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল, ৩৭২২১০২ ত্রাণ কার্য গম খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি বান্দরবান পার্বত্য জেলার দুর্যোগ মোকাবেলায় এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহারের জন্য বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

শর্তসমূহ:

১. প্রকল্প গ্রহণকারী কর্তৃপক্ষ প্রকল্প বাস্তবায়নের জন্য সংযুক্ত ছক অনুসারে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করবে। ছক যথাযথভাবে পূরণ করে জেলা পরিষদ বরাবরে দাখিলপূর্বক প্রকল্প সভাপতি বরাদ্দের জন্য আবেদন করবে।
২. প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রকল্প বাস্তবায়নের জন্য দায়ী থাকবে।
৩. ছক অনুসারে প্রকল্প কমিটি এবং বরাদ্দের আবেদন প্রাপ্তির পর জেলা পরিষদ, উপবরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষ প্রকল্প কমিটি বরাবর পুনরায় বরাদ্দ প্রদান করবে।
৪. কোন প্রকল্পের বরাদ্দ ৩ (তিন) মে.টন অধিক হইলে তাহা কিস্তিতে প্রদান করতে হবে। প্রথম কিস্তি মূল বরাদ্দের অর্ধেকের বেশী হবেনা। একাধিক কিস্তির ক্ষেত্রে অবশ্যই পূর্ববর্তী কিস্তির খাদ্যশস্য ব্যবহারের মাষ্টার রোল সমন্বয় করা ছাড়া পরবর্তী কিস্তি ছাড় করা যাবেনা।
৫. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখের ৩০০ নম্বর স্মারকের জারীকৃত নীতিমালার শর্তসমূহ (৭-১২) যথাযথভাবে অনুসরণ করার জন্য কঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো (কপি সংযুক্ত)।
৬. ইতোমধ্যে জেলা প্রশাসনের মাধ্যমেও উন্নয়ন কার্যক্রমের জন্য যে খাদ্যশস্য বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে Overlapping এড়ানোর জন্য জেলা প্রশাসক এর সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

চলমান পাতা-০২

৭. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য দালিলিক প্রমাণকসহ যথোপযুক্তভাবে সংরক্ষণ করা হবে এবং উপকারভোগীর সংখ্যা উল্লেখসহ খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৮. বিশেষ কোন ব্যক্তি নয় এলাকার সামষ্টিক উন্নয়নের লক্ষ্যে ও সমাজের বৃহৎ জনগোষ্ঠির স্বার্থ বিবেচনায় প্রকল্প স্থান নির্ধারণসহ প্রকল্প পরিকল্পনা, রুপরেখা ও বাস্তবায়ন করতে হবে।

৯. ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।

১০. প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক তদারকি কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্প পরিদর্শণ/পরিবীক্ষণ করে মন্তব্যসহ অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

১১. পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি করে ও পরিবেশের জন্য ক্ষতিকর এমন কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।

১২. প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকল্পের অনুকূলে বৃক্ষরোপন কর্মসূচি অন্তর্ভূক্ত করতে হবে।

১৩. বরাদ্দকৃত খাদ্যশস্য ২০২৩-২০২৪ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) বিশেষ কর্মসূচি আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ব্যয় করতে হবে।

১৪. মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

১৫. প্রকল্প কার্যক্রম সম্পর্কে জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ্য স্থানে প্রকল্পের তথ্য সম্বলিত সাইনবোর্ড প্রদর্শন করতে হবে।

১৬. বরাদ্দকৃত খাদ্যশস্যের ব্যবহারের হিসাব নিরীক্ষার জন্য যথোপযুক্ত মাষ্টার রোল সংরক্ষণ করতে হবে।

স্বাঃ/-
(মালেকা পারভীন)
উপসচিব (সমন্বয়-১)
ফোন-৫৫১০০৬৩০

স্মারক নং- ২৯.০০.০০০০.২২৩.০২.০১.২০২৩-৪৭১

তারিখ: ০৪/০৯/২০২৩ খ্রি.।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৫. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
৭. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা।
১০. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১. আথুইমং মার্মা, রোয়াংছড়ি কেন্দ্রীয় জেতবন বৌদ্ধ বিহার পরিচালনা কমিটি, রোয়াংছড়ি পাড়া, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ,বান্দরবান ।
১২. আনন্দ দাশ, সাধারণ সম্পাদক, শ্রী শ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদ-১৪৩০, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
১৩. শিমন ত্রিপুরা,সভাপতি, যিহোরা যিরি শিশু সদন, থানচি, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ,বান্দরবান।
১৪. অফিস কপি।

০৪/০৯/২০২৩
(মালেকা পারভীন)
উপসচিব (সমন্বয়-১)